## প্রতিদিনের সংবাদ

# ঢাবি ভাষাবিজ্ঞান বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা



ছবি : প্রতিদিনের সংবাদ

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীন বরণ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এমএ শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা আজ ০৩ নভেম্বর ২০২৫ সোমবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগের চেয়ারপার্সন ড. মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক মোহাম্মদ ইনজামাম স্বাগত বক্তব্য দেন। সঞ্চালন করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. মাশরুর ইমতিয়াজ।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছে। এই পরিশ্রম ও অধ্যবসায়ের ধারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনেও অব্যাহত রাখতে হবে। অনেক মেধাবী শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর পরিশ্রম ও অধ্যবসায়ের ধারা অব্যাহত রাখতে পারে না। নিয়মতান্ত্রিকভাবে পড়াশোনা না করায় ফলাফলও আশানুরূপ হয় না। শিক্ষার্থীদের ১ম বর্ষ থেকেই এ বিষয়ে সচেতন থাকতে হবে। প্রতিযোগিতামূলক বিশ্বে হতাশাগ্রস্ত না হয়ে দক্ষতার সঙ্গে শিক্ষার্থীদের নানা প্রতিবন্ধকতা মোকাবিলা করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার পাশাপাশি সহশিক্ষামূলক ও গঠনমূলক কর্মকাণ্ডে সংযুক্ত হওয়ার সুযোগ রয়েছে। এই সুযোগগুলোকে কাজে লাগাতে হবে। দক্ষতা অর্জনে যেকোন একটি বিদেশি ভাষা শেখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। সততা ও পরিশ্রম শিক্ষার্থীদের আত্মবিশ্বাসী ও প্রকৃত ভালো মানুষ হতে সহায়তা করবে বলে তিনি উল্লেখ করেন।

## আলোকিত বাংলাদেশ

# ঢাবি শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করতে দুটি কমিটি গঠন

● আলোকিত ডেস্ক

সমাজে নৈতিক ও মানবিক মূল্যবোধের অবক্ষয়ের প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে নৈতিকতা ও মানবিক মূল্যবোধ শিক্ষাবিষয়ক কোর্স চালু এবং এ বিষয়ে কর্মশালা আয়োজনের জন্য পৃথক দুটি কমিটি গঠন করা হয়েছে। সিন্ডিকেট সভার সিদ্ধান্তের আলোকে এ দুই কমিটি গঠিত হয়। কমিটি দুটির প্রথম যৌথ সভা গত রোববার কমিটির আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

কমিটির সদস্য দর্শন বিভাগের চেয়ারম্যান মো. নূরুজ্জামান, নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক অধ্যাপক আ খ ম ইউনুস, দর্শন বিভাগের অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউলায়ী, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ড. শাকিলা ইয়াসমিন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. খোরশেদ আলম এবং গ্রাফিক ডিজাইন বিভাগের প্রভাষক মীর মুহাম্মদ আব্দুল্লাহ আল মামুন আলী সভায় উপস্থিত ছিলেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৯ কার্তিক ১৪৩২

DU in Media

4 November 2025

# The Daily Post

## Case against obscene in social media



Dhaka University teacher Shehreen Amin Bhuiyan Monami yesterday filed a case at Shahbagh Police Station. PHOTO: COLLECTED

## Shehreen Amin files case over edited photo

**DP Report**

Dhaka University teacher Shehreen Amin Bhuiyan Monami yesterday filed a case at Shahbagh Police Station against several individuals, alleging that her photo was edited and shared on Facebook with obscene descriptions.

According to the first information report (FIR), four people have been named as accused. They are: journalist and activist Mujtoba Khondker, writer Mohiuddin Mohammad, Dhaka College student Nirab Hossain, and Ashfaq Hossain Evan. Mujtoba has been named the prime accused.

Monami, an assistant professor at the Department

(SEE Page 11 col. 4)

### Shehreen Amin

**Contd. from Page 12**

of Public Administration and assistant proctor of Dhaka University, filed the case under the Cyber Protection Ordinance.

In the FIR, she alleged, "Mujtoba Khondker, a journalist and activist, edited and posted my photo on his Facebook account in an obscene manner, with the caption -- 'She is a Dhaka University professor, wearing a bikini in the name of freedom of attire.'"

She added, "Mohiuddin Mohammad, a writer and activist, shared a photo card on his Facebook profile, referring to me as a 'source of sexual fantasy.'"

The post also contained vulgar, indecent, and defamatory comments about her, the FIR added.

প্রতিদিনের বাংলাদেশ
04-11-2025

## মামলা করলেন ঢাবি শিক্ষিকা

ফেসবুকে ছবি বিকৃতি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

[illegible]



[illegible]

## The Asian Age

# WEEK-LONG ANNUAL SCULPTURE EXHIBITION BEGINS AT DU




▸ **AA Entertainment Desk**

The week-long Annual Sculpture Exhibition, began at Osman Jamal Auditorium under the Faculty of Fine Arts of Dhaka University (DU) on Sunday. The Department of Sculpture of the university organised the exhibition that has been running at the Zainul Gallery of the Faculty of Fine Arts.

At the opening ceremony, DU treasurer Professor M Jahangir Alam Chowdhury inaugurated the event as the chief guest with Chairman of the Sculpture Department Nasimul Khabir in the chair.

A total of 71 artworks by 43 artists are being displayed in this exhibition. After the inauguration, the chief guest handed over certificates and awards to six artists for their outstanding works.

Awarded artists are Pratyay Saha (Artist Anwar Jahan Memorial Award), Chinmoy Ghosh (Professor Abdur Razzaq Memorial Award), Oli Mia (Sculptor Novera Ahmed Memorial Award), Mridha Md. Raiyan Azim (Prof Hamiduzzaman Khan Memorial Award), Sumit Roy (Best Medium Award) and Supriyo Kumar Ghosh (Best Experimental Award).

Congratulating the award winners, Prof Jahangir Alam Chowdhury said, "Art knows no boundaries because it has an eternal language through which artists find a place in people's hearts."

Besides, the exhibition features selected works created by students over the past academic year and is dedicated to the memory of the late sculptor Prof Hamiduzzaman Khan.

Fine Arts Faculty Dean Prof Azharul Islam Sheikh, Shilpacharya Zainul Abedin's son Engineer Moynul Abedin, Prof Lala Rukh Selim and Convener of the exhibition Dr. Nasima Haque Mitu addressed the event, among others.

The exhibition will remain open to all visitors from 11:00am to 7:00pm daily until November 8.